

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য অধিদফতর



আঞ্চলিক তথ্য অফিস, ময়মনসিংহ



সংবাদকক্ষ : ০২-৯৯৬৬৬১৩৭০ E-mail- pidmymensingh@gmail.com, Facebook: Pid Mymensingh

সংবাদ গতিধারা

স্থানীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা-১১১/২০২২-২০২৩
ময়মনসিংহ, ২৬ ফেব্রুয়ারি, রবিবার ২০২৩, ১৩ ফাল্গুন ১৪২৯

আজকের স্থানীয় দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে:

- ০১। দুর্নীতির বিরুদ্ধে সকলকে সচেতন থাকার আহ্বান রাষ্ট্রপতির
- ০২। বাংলাদেশ শুধু টিকে নাই, প্রথম সারিতে আছে- সংসদ উপনেতা
- ০৩। স্মার্ট বাংলাদেশ গড়তে শেখ হাসিনার নেতৃত্বে এগিয়ে চলেছে দেশ-ধর্ম প্রতিমন্ত্রী
- ০৪। নারী পুরুষদের অংশগ্রহণে ময়মনসিংহে হাফ ম্যারাথন আয়োজিত
- ০৫। বাকৃবিতে বিএসটিডিইআর এর আন্তর্জাতিক বার্ষিক বৈজ্ঞানিক সম্মেলন এর উদ্বোধনী অধিবেশন অনুষ্ঠিত
- ০৬। ময়মনসিংহ রিপোর্টার্স ইউনিটির নবনির্মিত কমিটির অভিষেক ও পিকনিক অনুষ্ঠিত

০১। দুর্নীতির বিরুদ্ধে সকলকে সচেতন থাকার আহ্বান রাষ্ট্রপতির

রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ দুর্নীতির বিরুদ্ধে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষসহ সংশ্লিষ্ট সকলকে সচেতন থাকার আহ্বান জানিয়েছেন। শনিবার (২৫ ফেব্রুয়ারি) বিকেলে রাজধানীর অদূরে সাভারে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ‘ষষ্ঠ সমাবর্তন’ অনুষ্ঠানে বক্তব্য প্রদানকালে তিনি একথা বলেন। এসময় রাষ্ট্রপতি শিক্ষক-শিক্ষার্থীদের দলীয় লেজুড়বৃত্তির উর্ধ্বে উঠে রাজনীতি করারও আহ্বান জানান। অনুষ্ঠানে প্রধান বিচারপতি হাসান ফয়েজ সিদ্দিকী সমাবর্তন বক্তা হিসেবে বক্তব্য রাখেন। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক স্বজন, দৈনিক আজকের ময়মনসিংহ ও দৈনিক নিউ টাইমস।

০২। বাংলাদেশ শুধু টিকে নাই, প্রথম সারিতে আছে- সংসদ উপনেতা

সংসদ উপনেতা বেগম মতিয়া চৌধুরী এমপি বলেছেন, শত্রুর মুখে ছাই দিয়ে বাংলাদেশ শুধু টিকে নাই, প্রথম সারিতে আছে। শনিবার (২৫ ফেব্রুয়ারি) দুপুরে শেরপুরের নকলা পৌরশহরের মুজিব শতবর্ষ মঞ্চে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের টপটেন শিক্ষার্থীদের মাঝে কন্সল বিতরণকালে প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন। সূত্র: দৈনিক সবুজ ও আজকের বাংলাদেশ।

০৩। স্মার্ট বাংলাদেশ গড়তে শেখ হাসিনার নেতৃত্বে এগিয়ে চলেছে দেশ-ধর্ম প্রতিমন্ত্রী

ধর্মপ্রতিমন্ত্রী মো. ফরিদুল হক খান বলেছেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশ আজ উন্নয়নের মহাসড়কে অপ্রতিরোধ্য গতিতে এগিয়ে যাচ্ছে। বাংলাদেশ শিক্ষা, স্বাস্থ্য, কৃষি, তথ্য প্রযুক্তি, নারীর ক্ষমতায়নসহ বিভিন্ন খাতে বিশ্বব্যাপী উন্নয়নের ‘রোল মডেল’ হিসেবে বিবেচিত হচ্ছে। শুক্রবার (২৪ ফেব্রুয়ারি) বিকেলে জামালপুরের ইসলামপুরে উপজেলা প্রশাসনের আয়োজনে ফরিদুল হক খান দুলাল অডিটোরিয়ামে উপজেলার প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠান প্রধানদের হাতে ক্রীড়া সামগ্রী এবং ‘বঙ্গবন্ধু বাংলাদেশের প্রতিচ্ছবি’ বই বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য প্রদানকালে তিনি এসব কথা বলেন। সূত্র: দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস।

০৪। নারী পুরুষদের অংশগ্রহণে ময়মনসিংহে হাফ ম্যারাথন আয়োজিত

ভাষা শহীদদের প্রতি শ্রদ্ধা জানিয়ে এবং পরিষ্কার পরিচ্ছন্নতার বার্তা নিয়ে ময়মনসিংহে আয়োজিত হয়েছে হাফ ম্যারাথন প্রতিযোগিতা। শুক্রবার (২৪ ফেব্রুয়ারি) ময়মনসিংহ রানার্স কমিউনিটির উদ্যোগে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে আয়োজিত এই প্রতিযোগিতায় বিপুলসংখ্যক নারী পুরুষ উৎসবমুখর পরিবেশে অংশ নেন। হাফ ম্যারাথন প্রতিযোগিতার পৃষ্ঠপোষকতা করেছে ময়মনসিংহ সিটি কর্পোরেশন এবং এ উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সিটি মেয়র মো. ইকরামুল হক টিটু। সূত্র: দৈনিক সবুজ ও দৈনিক জাহান।

০৫। বাকুবিতে বিএসটিভিআর এর আন্তর্জাতিক বার্ষিক বৈজ্ঞানিক সম্মেলন এর উদ্বোধনী অধিবেশন অনুষ্ঠিত

শনিবার (২৫ ফেব্রুয়ারি) বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের (বাকুবি) শিল্পাচার্য জয়নুল আবেদীন মিলনায়তনে বাংলাদেশ সোসাইটি ফর ভেটেরিনারি এডুকেশন এন্ড রিসার্চ (বিএসভিআর) এর আন্তর্জাতিক বার্ষিক বৈজ্ঞানিক সম্মেলন-২০২৩ এর উদ্বোধনী অধিবেশন অনুষ্ঠিত হয়েছে। ‘চতুর্থ শিল্প বিপ্লবের প্রেক্ষাপটে পশুসম্পদের স্বাস্থ্য এবং উৎপাদনের টেকসই উন্নতি’ শিরোনামের অনুষ্ঠানটির উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. লুৎফুল হাসান। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন প্রফেসর ড. ফরিদা ইয়াসমীন বারি। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ ও দৈনিক স্বজন।

০৬। ময়মনসিংহ রিপোর্টার্স ইউনিটির নবনির্মিত কমিটির অভিষেক ও পিকনিক অনুষ্ঠিত

শনিবার (২৫ ফেব্রুয়ারি) ময়মনসিংহ রিপোর্টার্স ইউনিটির নব নির্বাচিত নির্বাহী কমিটির অভিষেক ও পিকনিক অনুষ্ঠিত হয়েছে। ময়মনসিংহ নগরীর ব্রহ্মপুত্র তীরস্থ মহিলা সমিতি উদয়ন উচ্চ বিদ্যালয় প্রাঙ্গণে আয়োজিত দিনব্যাপী অনুষ্ঠানের উদ্বোধন করেন ইউনিটির নির্বাচিত সভাপতি শামসুল আলম খান। অনুষ্ঠান উপস্থাপনা করেন কমিটির নির্বাচিত সাধারণ সম্পাদক বুলবুল আহমেদ। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক আজকের ময়মনসিংহ, দৈনিক সবুজ, দৈনিক সবুজ, আজকের বাংলাদেশ, দৈনিক নিউ টাইমস, দৈনিক জাহান ও দৈনিক জনতার কণ্ঠস্বর।

সম্পাদকীয়

- (ক) **দৈনিক স্বদেশ সংবাদ ও দৈনিক স্বজন:** জীবাস্থ জ্বালানির মূল্য বৃদ্ধি ও সংকটের বিরূপ প্রভাব থেকে রক্ষায় নবায়নযোগ্য জ্বালানিতে মনোযোগ দেওয়ার বিকল্প নেই। তাই নবায়নযোগ্য জ্বালানির ব্যবহার বাড়ানোর দিকে আমাদের গুরুত্ব দেওয়া উচিত।
- (খ) **দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস:** সরকারের উদ্যোগে বায়োফার্মিফায়েড জিংক রাইস আবাদ ও উৎপাদন বৃদ্ধির মাধ্যমে অপুষ্টিতে আক্রান্ত নারী ও শিশুর পুষ্টি ঘাটতি পূরণের বিষয়টি চলমান। পুষ্টিচাল বিতরণের মাধ্যমে দৈনন্দিন পুষ্টি ঘাটতি মেটানোর পাশাপাশি চালের দাম সহনীয় হয়ে উঠবে এটাই প্রত্যাশা।
- (গ) **দৈনিক আজকের ময়মনসিংহ, দৈনিক নিউ টাইমস, দৈনিক দেশের খবর, দৈনিক সকালের দুনিয়া, দৈনিক জাহান, দৈনিক দিগন্ত বাংলা, দৈনিক হৃদয়ের বাংলা, দৈনিক জনতার কণ্ঠস্বর:** দেশের সব ভাষাভাষীর মাতৃভাষা চর্চার অধিকার নিশ্চিত করার দায় আমাদের সর্বাগ্রে। দুর্ভাগ্যজনক হলো, অভ্যন্তরীণভাবে সর্বক্ষেত্রে বাংলা ভাষার ব্যবহার এখনও আমরা নিশ্চিত করতে পারিনি। সর্বক্ষেত্রে বাংলা ভাষার ব্যবহার এবং বাংলা ভাষার দূষণরোধে সরকারকে জোড়ালো ভূমিকা নিতে হবে।
- (ঘ) **দৈনিক সবুজ:** পোল্ট্রি শিল্প কৃষি শিল্পের একটি অপরিহার্য অঙ্গ। পোল্ট্রি সেক্টরে পুঁজিবাদী ব্যবসায়ীদের সিডিকেটের কারণে ধ্বংস হয়ে যাচ্ছে আমাদের পোল্ট্রি শিল্প। পোল্ট্রির খামারগুলোকে বিপর্যয়ের হাত থেকে রক্ষা করতে হবে। এজন্য সরকারের আন্তরিক সহযোগিতা প্রয়োজন।

প্রবন্ধ/নিবন্ধ

- ০১। রাশিয়া ইউক্রেন যুদ্ধের বছর পূর্তি, বিশ্বের এক বড় ব্যর্থতা- বি.জে. (অব.) হাসান মো. শামসুদ্দীন (দৈনিক স্বজন)
- ০২। ওয়াজ যেন আওয়াজ না হয়- ড. মোহাম্মদ বাহাউদ্দিন (দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস)
- ০৩। অর্থনীতিতে নতুন গতি আনছে কৃষিপণ্য রপ্তানি- রেজাউল করিম খোকন (দৈনিক আজকের ময়মনসিংহ, দৈনিক সবুজ, দৈনিক নিউ টাইমস, দৈনিক দেশের খবর, দৈনিক সকালের দুনিয়া, দৈনিক জাহান, দৈনিক দিগন্ত বাংলা, দৈনিক হৃদয়ের বাংলা, দৈনিক জনতার কণ্ঠস্বর)

#